# পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
# POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.২০২.১১.০০১.২৫.১৮৯১ তারিখঃ ২২/০৪/২০২৫খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি দেশব্যাপী বিদ্যুৎ এর জাতীয় গ্রিড পরিচালন, সংরক্ষণ ও উন্নয়ন কাজে নিয়োজিত। পাওয়ার গ্রিড এ নিয়োগযোগ্য পদের বিপরীতে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, বেতন গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | জুনিয়র সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ/অডিট)<br>বেতন গ্রেড-০৮, বেতন স্কেল-৩৫,০০০/-<br>এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০২টি | (ক) ইউজিসি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং/ এআইএস বিষয়ে স্নাতক/বিবিএ/বিবিএস ডিগ্রী।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যুনতম ৩.৫ এবং ৪.০০ স্কেলে ন্যুনতম ২.৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণী/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার কাজে অবশ্যই দক্ষতা থাকতে হবে। |
| ২. | জুনিয়র হিসাব সহকারী<br>বেতন গ্রেড-১১,<br>বেতন স্কেল-২৩,০০০/-<br>এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০২টি | (ক) ইউজিসি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স/ ফাইন্যান্স এন্ড ব্যাংকিং/ এআইএস বিষয়ে বিবিএ/বিবিএস (সম্মান) ডিগ্রী।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যুনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যুনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণী/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৩. | জুনিয়র ব্যক্তিগত সচিব<br>বেতন গ্রেড-১১,<br>বেতন স্কেল- ২৩,০০০/-<br>এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০৬টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতক/সমমান ডিগ্রী।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যুনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যুনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণী/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৪. | জুনিয়র প্রশাসনিক সহকারী/ জুনিয়র প্রশাসনিক সহকারী কাম ভান্ডার সহকারী<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০৪টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতক/ সমমান ডিগ্রী।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যুনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যুনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণী/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৫. | জুনিয়র নিরাপত্তা পরিদর্শক<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০৪টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে কমপক্ষে স্নাতক/সমমান ডিগ্রী।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যুনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যুনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণী/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) সামরিক/আধাসামরিক/আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। (এসব প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর অবসর সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের আদেশের কপি প্রমাণক হিসেবে দাখিল করতে হবে)।<br>(ঙ) সামরিক বাহিনির নন্ কমিশন্ড অফিসারদের ক্ষেত্রেশিক্ষাগত যোগ্যতা ন্যুনতম এইচএসসি/ সমমান। |
| ৬. | কেয়ার টেকার<br>বেতন গ্রেড-১৪, বেতন স্কেল-১৫,৫০০/- এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০১টি | (ক) এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর পরীক্ষায় ন্যুনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ২.০০ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৭. | স্টেশন এ্যাটেনডেন্ট<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ৩০টি | (ক) এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ন্যুনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ২.০০ থাকতে হবে। |
| ৮. | নিরাপত্তা প্রহরী<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং চাকুরী বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ৫০টি | (ক) এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ন্যুনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ২.০০ থাকতে হবে।<br>(গ) সামরিক/ আধাসামরিক/ সশস্ত্র বাহিনী/ বিজিবি/ পুলিশ/আনসার (নিয়োজিত) সদস্যগণ অগ্রাধিকার পাবেন (এসব প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর অবসর সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের আদেশের কপি প্রমাণক হিসেবে দাখিল করতে হবে)।<br>(ঘ) উচ্চতা ন্যুনতম ৫ ফুট ৬ ইঞ্চি এবং বুকের মাপ ন্যুনতম ৩২ ইঞ্চি হতে হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| **মোট** | | **৯৯টি** | |

**নির্দেশাবলী/শর্তাবলী:**

(১) আগ্রহী প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরমে নির্ধারিত স্থানে ছবি (300 X 300 pixel) ও স্বাক্ষর (300 X 80 pixel) স্ক্যান করে তা সংযোজন করতে হবে। টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট http://powergrid.teletalk.com.bd অথবা পাওয়ার গ্রিডের ওয়েব সাইট www.powergrid.gov.bd এ উল্লিখিত নির্ধারিত লিংক এর মাধ্যমে ২৭/০৪/২০২৫ হতে ২২/০৫/২০২৫ তারিখের (রাত ১১:৫৯ টা পর্যন্ত) মধ্যে প্রকাশিত "আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী" অনুসরণ পূর্বক আবেদন করা যাবে।

(২) আবেদন ফি:

ক) আবেদনের ফি (সাধারণ):

(১) ক্রমিক নং ০১ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা;

(২) ক্রমিক নং ০২-০৫ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ১৬৮/- (একশত আটষট্টি) টাকা;

(৩) ক্রমিক নং ০৬-০৮ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা;

খ) আবেদনের ফি (অনগ্রসর নাগরিক):

ক্রমিক নং ০১-০৮ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা;

(৩) যারা সম্প্রতি উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, কিন্তু সার্টিফিকেট পাননি/এ্যাপিয়ার্ড (ফলাফল প্রত্যাশী) এরূপ প্রার্থীদের সংশ্লিষ্ট পদে আবেদন করার প্রয়োজন নেই।

(৪) বর্ণিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে উল্লিখিত ফি টেলিটক বাংলাদেশ লিঃ এর যে কোন মোবাইল সংযোগ হতে এসএমএস এর মাধ্যমে http://powergrid.teletalk.com.bd অথবা www.powergrid.gov.bd ওয়েব সাইটে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে।

(৫) বৈদেশিক ইনস্টিটিউট হতে ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে বাংলাদেশের ইউজিসি/সরকারের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে সমতুল্য ডিগ্রীর প্রত্যয়নপত্র প্রয়োজন হবে।

(৬) প্রার্থী/আবেদনকারীর শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী বা উল্লিখিত জিপিএ/সিজিপিএ এর নীচে গ্রহণযোগ্য হবে না। এর নীচে ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

(৭) ২২/০৪/২০২৫ তারিখে যাদের বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবে। তবে ক্রমিক-৫ এ জুনিয়র নিরাপত্তা পরিদর্শক এ অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং ক্রমিক-৮ এ নিরাপত্তা প্রহরী এর ক্ষেত্রে সামরিক/ আধাসামরিক/সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ/আনসার (নিয়োজিত) সদস্যগণ এর বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৮) বিভাগীয় প্রার্থীদের অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি সংশ্লিষ্ট দপ্তর এর মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম), প্রধান কার্যালয়, পাওয়ার গ্রিড বরাবর নির্ধারিত তারিখ অর্থাৎ ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(৯) সরকারী, আধা সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সরকারী মালিকানাধীন কোম্পানি/কর্পোরেশন এ চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে অর্থাৎ অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ড কপি অনাপত্তিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম), পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, প্রধান কার্যালয়, গ্রিড ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২ বরাবর নির্ধারিত সময়ের অর্থাৎ ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে মধ্যে প্রেরণ করতে হবে।

(১০) সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণপূর্বক প্রার্থী নির্বাচন করা হবে। এক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নির্দেশনা/নীতিমালা অনুসরণ করে যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(১১) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের প্রবেশনসহ ০৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পাওয়ার গ্রিড এর চাকুরী বিধি অনুযায়ী চাকুরী নিশ্চিত করা হবে এবং ব্যক্তিগত কর্মমূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে চাকুরী চুক্তি নবায়ন করা হবে।

(১২) **কেবলমাত্র উপরে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগত/শিক্ষাগত/কোটা ইত্যাদি সংক্রান্ত যে কোন তথ্য/দলিলাদি গোপন বা ভুল তথ্য প্রদান করে আবেদন করলে পরবর্তীতে তার আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

(১৩) পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বা এর যে কোন শর্ত সংশোধন/স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন ধরণের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(১৪) যে কোন ধরনের তদবীর বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

**উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম)**